উপপরিচালক
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।
টেলিফোন: ০২-৪৭৭৫৩৭৮০
ওয়েবসাইট: www.mpa.gov.bd

# সংবাদ বিজ্ঞপ্তি

## "করোনা ভাইরাসের সংক্রমণ বাড়ায় মোংলা বন্দরে বিশেষ সতর্কতা জারি"।

করোনা ভাইরাসের সাব-ভ্যারিয়েন্টের সংক্রমণ বাড়ায় মোংলা বন্দরে বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। শুক্রবার (১৩ জুন) সকাল থেকে বন্দর জেটির প্রধান গেইটে বসানো হয়েছে স্বাস্থ্য পরীক্ষার বিভিন্ন যন্ত্রপাতি। বাধ্যতামূলক করা হয়েছে মাস্কের ব্যবহার। বন্দরে আগত বিদেশী বাণিজ্যিক জাহাজের নাবিক ও বন্দরে কর্মরত শ্রমিকদের জন্য থার্মাল স্ক্যানারের মাধ্যমে শরীরের তাপমাত্রা পরিমাপ করা হচ্ছে।

সম্প্রতি করোনা ভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় মোংলা বন্দরে বিশেষ সর্তকতামুলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বন্দর জেটিতে প্রবেশে হ্যান্ড স্যানিটাইজ ব্যবহার, তাপমাত্রা পরীক্ষা ও মাস্কের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া আগামী ১৫ জুন অফিস খুলছে, সেক্ষেত্রে সকলকে করোনার বিধি নিষেধ মেনে চলার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া বন্দর হাসপাতাল থেকেও সর্তকতা জারি করা হয়েছে। কারো মধ্যে কোন করোনার লক্ষণ/উপসর্গ দেখা দিলে হাসপাতালের বিশেষ দুইটি মোবাঃ ০১৯১২-৩৮৫৭৫৫, ০১৭৯৩-৪৩৯৫৮৭ নম্বরে যোগাযোগ করতে বলে হয়েছে। এছাড়া বর্তমানে মোংলা বন্দরে আমদানি-রপ্তানি একেবারেই স্বাভাবিক রয়েছে। জেটিতে লোডিং-আনলোডিং হচ্ছে, আমদানী-রফতানীকারকেরা বন্দরে আসছেন তাদের পণ্য লোড-আনলোড করছে। এছাড়াও বন্দরের ফেয়ারওয়েসহ বিভিন্ন পয়েন্টে থাকা বিদেশী বাণিজ্যিক জাহাজের পণ্য ওঠানামা ও পরিবহনের কাজ স্বাভাবিক রয়েছে।

স্বাক্ষরিত/-
১৩/০৬/২০২৫
মোঃ মাকরুজ্জামান
উপপরিচালক